দৈনিক ইত্তেফাক

তারিখ 19 NOV 1993

পৃষ্ঠা ২ কলাম ৭

৪০

## মাধ্যমিক পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষা

ঢাকা বোর্ডের নিয়ম অনুযায়ী মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের ১ মাসের ভিতরে যে কেহ তাহার পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণের জন্য নির্ধারিত ফি ব্যাংক ড্রাফট আকারে জমা দিয়া বোর্ডের চেয়ারম্যান বরাবরে আবেদন করিতে পারে। বোর্ডের আরও নিয়ম হইতেছে, আবেদনের শেষ তারিখ হইতে সময় ধরিয়া দেড় হইতে দুই মাসের ভিতর উল্লেখিত বিষয়ের খাতা পুনঃনিরীক্ষণ করিয়া প্রাপ্ত নম্বর চিঠির মাধ্যমে আবেদনকারীকে জানাইয়া দেওয়া হইবে। আমি প্রথমোক্ত নিয়মে আবেদন করিয়াছিলাম ; কিন্তু দুঃখের বিষয়, আজ প্রায় আড়াই মাস হইতে চলিল বোর্ড কর্তৃপক্ষ এখনও আমার আবেদনের কোন জবাব দেন নাই। এ ব্যাপারে ত্বরিত ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডের মাননীয় চেয়ারম্যানের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ আকবর হোসেন, গ্রাম ও ডাক গাজির চট, সাভার, ঢাকা।

SHEET — OF — SHEETS